## 26 April 2024

## National & International News

| | |
|---|---|
| জাতীয় বিচার বিভাগীয় নিয়োগ কমিশন **(National Judicial Appointments Commission বা NJAC)** | খবরে কেন**?**<br>• সুপ্রিম কোর্ট রেজিস্ট্রি বিচার বিভাগীয় নিয়োগের কলেজিয়াম পদ্ধতির অবসান এবং জাতীয় বিচার বিভাগীয় নিয়োগ কমিশন **(NJAC)** পুনরুজ্জীবিত করার জন্য একটি পিটিশন গ্রহণ করতে অস্বীকার করেছে।<br>• **NJAC,** যেটি বিচার বিভাগীয় নিয়োগে সরকারকে সমান ভূমিকা দিয়েছিল, **2015** সালের অক্টোবরে একটি সাংবিধানিক বেঞ্চ দ্বারা বাতিল করা হয়েছিল।<br><br>**NJAC** সম্পর্কিত:<br>• জাতীয় বিচার বিভাগীয় নিয়োগ কমিশন আইন, **2014**-এর সাথে **2014** সালের **99**তম সাংবিধানিক সংশোধনী আইনের মাধ্যমে NJAC চালু করা হয়েছিল।<br>• **NJAC**-এর উদ্দেশ্য ছিল বিচারক নিয়োগের বিদ্যমান কলেজিয়াম ব্যবস্থাকে প্রতিস্থাপন করা, যা স্বচ্ছতা এবং জবাবদিহিতার অভাবের জন্য সমালোচিত হয়েছিল।<br>• 2015 সালের অক্টোবরে, সুপ্রিম কোর্ট **99**তম সাংবিধানিক সংশোধনী এবং **NJAC** আইনকে অসাংবিধানিক ঘোষণা করে।<br>• কোর্টের রায়ে কলেজিয়াম ব্যবস্থা পুনঃস্থাপন করা হয়েছে ও উল্লেখ করা হয়েছে যে **NJAC** বিচার বিভাগের স্বাধীনতা এবং সংবিধানের মৌলিক কাঠামো লঙ্ঘন করেছে। |
| মহাসাগরের তলদেশে **INCOIS** অধ্যয়ন | খবরে কেন**?**<br>• আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং মালদ্বীপ দ্বীপপুঞ্জ ভারত মহাসাগরের স্রোতের দিক ও গতি পরিবর্তন করে একে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে।<br>• ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওশান ইনফরমেশন সার্ভিসেস **(INCOIS)** এর বিজ্ঞানীরা দেখেছেন যে সমুদ্রের তলদেশে গভীর ঘূর্ণায়মান প্যাটার্নগুলি সারফেস কারেন্ট বা পৃষ্ঠস্রোতের বিপরীত।<br><br>ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওশান ইনফরমেশন সার্ভিসেস **(INCOIS)** সম্পর্কে**:**<br>• **1999** সালে আর্থ সায়েন্সেস (MoES) মন্ত্রকের অধীনে একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসাবে INCOIS প্রতিষ্ঠিত হয়েছিল।<br>• ম্যান্ডেট**:** এটি ওশান ডেটা এবং তথ্যের রিপোজিটরি বা ভান্ডার হিসাবে কাজ করে, অপারেশনাল ওশানোগ্রাফিক পরিষেবা, মডেলিং এবং উপদেষ্টা পরিষেবা প্রদান করে।<br>• অবস্থান**:** INCOIS হায়দ্রাবাদ, তেলেঙ্গানায় অবস্থিত।<br>• উদ্দেশ্য**:**<br>    ○ বিভিন্ন স্টেকহোল্ডারদের ওশান ডেটা এবং উপদেষ্টা পরিষেবা প্রদান করা।<br>    ○ ভারত মহাসাগর অঞ্চলের জন্য অপারেশনাল ওশানোগ্রাফি সিস্টেম বিকাশ এবং বাস্তবায়ন করা।<br>    ○ সমুদ্রবিদ্যা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের বিভিন্ন গবেষণা পরিচালনা করা। |
| কালেসার বন্যপ্রাণী অভয়ারণ্য | খবরে কেন**?**<br>• সুপ্রিম কোর্ট সম্প্রতি কালেসার বন্যপ্রাণী অভয়ারণ্যের অভ্যন্তরে চারটি প্রস্তাবিত বাঁধ নির্মাণের ওপর স্থগিতাদেশ জারি করেছে।<br><br>কালেসার বন্যপ্রাণী অভয়ারণ্য সম্পর্কে:<br>• অবস্থান**:** অভয়ারণ্যটি হরিয়ানার হিমালয়ের শিবালিক পাদদেশে অবস্থিত, যার পূর্বে যমুনা নদী প্রবাহিত। |

| | |
|---|---|
| | • টপোগ্রাফি: এর ল্যান্ডস্কেপে সমতল থেকে পাহাড় দেখা যায়, যা স্থানীয়ভাবে 'খোলস' নামে পরিচিত সরু উপত্যকা দিয়ে বিভক্ত। এই উপত্যকায় মরশুমি নদী থাকে, যা 'সোট' নামে পরিচিত। এগুলি বছরের বেশিরভাগ সময় শুষ্ক থাকে। |
| টাইগার কনজারভেশন কোয়ালিশন | খবরে কেন?<br>• সম্প্রতি সাস্টেনেইবল ফাইন্যান্স ফর টাইগার ল্যান্ডস্কেপস সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।<br>• ভুটান এবং টাইগার কনজারভেশন কোয়ালিশন বাঘ সংরক্ষণের জন্য **1** বিলিয়ন মার্কিন ডলারের একটি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি দিয়েছে।<br><br>টাইগার কনজারভেশন কোয়ালিশন সম্পর্কে:<br>• টাইগার কনজারভেশন কোয়ালিশন হল এনজিওদের একটি গ্রুপ যারা বাঘ সংরক্ষণের জন্য বহু বছর ধরে কাজ করেছে।<br>• এই জোটের আটটি এনজিও রয়েছে<br>○ এনভায়রনমেন্টাল ইনভেস্টিগেশন এজেন্সি (EIA),<br>○ ফনা অ্যান্ড ফ্লোরা (Fauna & Flora),<br>○ ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার অ্যান্ড ন্যাচারাল রিসোর্স (IUCN),<br>○ প্যান্থেরা,<br>○ ট্রাফিক (TRAFFIC),<br>○ জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP),<br>○ ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি (WCS), এবং<br>○ ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার (WWF)।<br><br>• সদস্যরা টাইগার কনজারভেশন ল্যান্ডস্কেপ **3.0** তৈরি করেছেন। এটি একটি সমন্বিত বাসস্থান মডেলিং সিস্টেম যা রিয়েল টাইমে বাঘের আবাসস্থলের জাতীয়, বায়োম এবং ল্যান্ডস্কেপ স্কেলে পরিবর্তন পরিমাপ ও নিরীক্ষণ করবে। |
| কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার **(CDRI)** | খবরে কেন?<br>• ভারতের প্রধানমন্ত্রী সম্প্রতি ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার **(ICDRI)-**এর আন্তর্জাতিক সম্মেলনের ষষ্ঠ সংস্করণে ভাষণ দিয়েছেন।<br>• এই সম্মেলনের আয়োজন করেছিল কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার **(CDRI)**।<br><br>কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার **(CDRI)** সম্পর্কে:<br>• CDRI হল একটি বহু-স্টেকহোল্ডার বৈশ্বিক অংশীদারিত্ব যার মধ্যে রয়েছে জাতীয় সরকার, জাতিসংঘ সংস্থা এবং প্রোগ্রাম, বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংক এবং অর্থায়ন ব্যবস্থা, বেসরকারী খাত, এবং অ্যাকাডেমিক ও জ্ঞান প্রতিষ্ঠান।<br>• এটি নিউইয়র্কে **2019** সালে জাতিসংঘের জলবায়ু অ্যাকশন সামিট চলাকালীন চালু হয়েছিল।<br>• CDRI-এর উদ্দেশ্য হল জলবায়ু ও দুর্যোগের ঝুঁকিতে অবকাঠামো ব্যবস্থার স্থিতিস্থাপকতা উন্নত করা, যার ফলে সাস্টেনেইবল উন্নয়ন নিশ্চিত করা।<br>• এর মধ্যে যে আন্তর্জাতিক সংস্থাগুলো রয়েছে তা হল–<br>○ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB), |

| | |
|---|---|
| | ○ বিশ্বব্যাংক গ্রুপ,<br>○ জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP),<br>○ ইউনাইটেড নেশনস অফিস ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন (UNDRR),<br>○ ইউরোপীয় ইউনিয়ন,<br>○ ইউরোপীয় ইনভেস্টমেন্ট ব্যাংক, এবং<br>○ দ্য প্রাইভেট সেক্টর অ্যালায়েন্স ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট সোসাইটিজ (ARISE)। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*